



## ঢাকা বিশ্ববিদ্যালয়

১০-০৪-২০১৮ তারিখ, মঙ্গলবার, বিকাল ৩:৩০ টায় বাংলা নববর্ষ-১৪২৫ উদযাপন উপলক্ষে গঠিত কেন্দ্রীয় সমন্বয় কমিটির আহ্বায়ক মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ-এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে বাংলা নববর্ষ-১৪২৫ উদযাপন উপলক্ষে গঠিত কেন্দ্রীয় সমন্বয় কমিটি, শৃঙ্খলা উপ-কমিটি এবং মঙ্গল শোভাযাত্রা উপ-কমিটির আহ্বায়ক ও সদস্য-সচিববৃন্দের সমন্বয়ে এক সভা অনুষ্ঠিত হয়।

### ঃ সভার কার্যবিবরণী ঃ

বাংলা নববর্ষ-১৪২৫ উদযাপনের কর্মসূচি পালনের বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ উপস্থিত সকলের অবহিত করেন। পরবর্তীতে ডিন, চারুকলা অনুষদ ও প্রক্টর ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাংলা নববর্ষ-১৪২৫ উদযাপনের চূড়ান্ত প্রস্তুতির বিষয়ে সভাকে অবহিত করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় ঃ-

১. গত বছরের ন্যায় এবছরেও মঙ্গল শোভাযাত্রা সকাল ৯:০০ টায় চারুকলা অনুষদ থেকে শুরু হবে।
২. বিশ্ববিদ্যালয়ের বি এন সি সি, রোডার ও রেঞ্জার-এর সদস্যরা সকাল ৮:০০ টার পূর্বেই যেন চারুকলা অনুষদে উপস্থিত থাকেন সে বিষয়টি নিশ্চিত করবেন প্রক্টর, ঢা.বি।
৩. ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে ০৪(চার)টি জোনে ভাগ করে (i. হাজী মুহম্মদ মুহসীন হল মাঠ ii. ছাত্র-শিক্ষক কেন্দ্র সংলগ্ন এলাকা iii. দোয়েল চত্বরের আশে-পাশের এলাকা iv. কার্জন হল এলাকা) মোবাইল পাবলিক টয়লেট স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এস্টেট ম্যানেজার, ঢা.বি.-কে দায়িত্ব প্রদান করা হলো।
৪. ১৪ এপ্রিল, ২০১৮ তারিখে নির্দিষ্ট স্থানে ময়লা ফেলা এবং মোবাইল পাবলিক টয়লেট অবস্থানের বিষয়টি দায়িত্বপ্রাপ্ত বি এন সি সি, রোডার ও রেঞ্জার সদস্যদের অবহিত করার ব্যবস্থা গ্রহণ করা হোক। প্রক্টর, ঢা.বি. ও এস্টেট ম্যানেজার, ঢা.বি. এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
৫. ১৪ এপ্রিল, ২০১৮ তারিখের পরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের ময়লা-আবর্জনা জরুরি ভিত্তিতে অপসারণ করার ব্যবস্থা গ্রহণ করা হোক। ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের সাথে আলোচনা করে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান প্রকৌশলী ও এস্টেট ম্যানেজার-কে দায়িত্ব প্রদান করা হলো।
৬. বাংলা নববর্ষ-১৪২৫ উদযাপন উপলক্ষে চারুকলা অনুষদের প্রতি বিশেষ দৃষ্টি রেখে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ও পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখার জন্য প্রধান প্রকৌশলী, ঢা.বি.-কে দায়িত্ব প্রদান করা হলো।
৭. গত বছরের ন্যায় এ বছরেও ঢাকা ওয়াশা, মেট্রোপলিটন পুলিশসহ কিছু প্রতিষ্ঠান কয়েকটি স্পটে বর্ষবরণ অনুষ্ঠানে সমাগতদের পানীয় জলের বন্দোবস্ত করবেন। এ বিষয়টি প্রক্টর, ঢা.বি. মনিটর করবেন।
৮. ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি)সহ কতিপয় এলাকার লোকসমাবেশ ও বর্ষবরণ অনুষ্ঠানাদি গণমাধ্যমে সম্প্রচারের সভাব্যতার বিষয় বিবেচনার জন্য জনসংযোগ অফিসের পরিচালক ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর-এর সঙ্গে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
৯. সভায় বর্ষবরণ উদযাপনে বি এন সি সি, রোডার, রেঞ্জার ও অন্যান্য সেচ্ছাসেবক সদস্যদের নামবিধি ব্যয় (আপায়ন, শব্দযন্ত্র ভাড়া ইত্যাদি) শৃঙ্খলা উপ-কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী, প্রক্টর, ঢা.বি.-এর সাথে আলোচনা করে সমন্বয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।
১০. সভায় মঙ্গল শোভাযাত্রা আয়োজনের কার্যক্রম পরিচালনার আর্থিক বিষয়টি সামগ্রিকভাবে মঙ্গল শোভাযাত্রা উপ-কমিটির আহ্বায়ক অধ্যাপক নিসার হোসেন, ডিন, চারুকলা অনুষদ, ঢা.বি. সমন্বয় করবেন।
১১. সভায় ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতিসহ বিশ্ববিদ্যালয় পরিবারের সকল সদস্যকে মঙ্গল শোভাযাত্রায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হয়। বিষয়টি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে প্রচারের জন্য পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢা.বি. এবং গণমাধ্যমে প্রচারের জন্য পরিচালক, জনসংযোগ অফিস, ঢা.বি.-কে দায়িত্ব প্রদান করা হলো।
১২. ১৪ এপ্রিল, ২০১৮ তারিখে বর্ষবরণের সকল অনুষ্ঠান বিকাল ৫:০০ টার মধ্যে শেষ করতে হবে। এ বিষয়ে প্রক্টর, ঢা.বি. প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/- ১১-০৪-২০১৮

(অধ্যাপক ড. নাসরীন আহমাদ)

প্রো-উপাচার্য (শিক্ষা)